১০

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২

## ১ম খন্ড

## [অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২০১০-১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত] (আয়কর)

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ -১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
# এর বার্ষিক অডিট রিপোর্ট
# ২০১১-১২

## প্রথম খন্ড

[অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের
২০১০-১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত]
(আয়কর)

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| ক্র: নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | | ক |
| ২. | মহাপরিচালকের বক্তব্য | | খ |
| ৩. | প্রথম অধ্যায় | | ১ |
| ৪. | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | | ৩ |
| ৫. | অডিট বিষয়ক তথ্য | | ৪-৫ |
| ৬. | ম্যানেজমেন্ট ইস্যু | | ৬ |
| ৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | | ৬ |
| ৮. | অডিটের সুপারিশ | | ৬ |
| ৯. | দ্বিতীয় অধ্যায় ঃ | | ৭ |
| ১০. | অনুচ্ছেদ নম্বর - ১ | আয়কর রিটার্ণে প্রদর্শিত ব্যয়ের উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৯ |
| | অনুচ্ছেদ নম্বর -২ | সঠিকভাবে মোট আয় নিরূপন না করায় আয়কর ও সরল সুদ বাবদ রাজস্ব ক্ষতি। | ১০ |
| | অনুচ্ছেদ নম্বর -৩ | প্রকৃত আয় অপেক্ষা আয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১১ |
| | অনুচ্ছেদ নম্বর -৪ | প্রকৃত বিক্রয় অপেক্ষা বিক্রয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১২ |
| | অনুচ্ছেদ নম্বর -৫ | বিভিন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে আদায়যোগ্য আয়কর ও সরল সুদ বাবদ কম আদায় করায় রাজস্ব ক্ষতি। | ১৩ |
| | অনুচ্ছেদ নম্বর -৬ | অব্যাখ্যায়িত বিনিয়োগ আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ১৪ |
| | অনুচ্ছেদ নম্বর -৭ | প্রকৃত রপ্তানি ও রপ্তানির বিপরীতে গৃহীত ড্র ব্যাকসহ আয়কর প্রদান না করার কারণে রাজস্ব ক্ষতি। | ১৫ |
| ১১. | মহাপরিচালকের স্বাক্ষর | | ১৫ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) (এমেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত

মাসুদ আহমেদ

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

তারিখ ঃ ৩০-১২-১৪২০ বঙ্গাব্দ / ১৩-০৪-২০১৪ খ্রিস্টাব্দ

খ

## মহাপরিচালকের বক্তব্য

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ বিভিন্ন আয়কর সার্কেলসমূহের ২০১০-১১ অর্থ বৎসরের বার্ষিক হিসাবের উপর নিরীক্ষা জুলাই'২০১০ হতে জুন'২০১১ পর্যন্ত বিভিন্ন সময়ে সম্পন্ন করা হয়। নিরীক্ষা সমাপনান্তে মোট ৭টি অনুচ্ছেদের সাথে জড়িত অর্থের পরিমাণ ১০৬,৯৯,৫০,৮১৭/- (টাকা এক শত ছয় কোটি নিরানব্বই লক্ষ পঞ্চাশ হাজার আট শত সতের মাত্র) টাকা সম্বলিত আলোচ্য অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের হিসাব নমুনায়ণের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। ০৫/০৪/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ, ১৮/০১/২০১২ তারিখ হতে ১৮/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে তাগিদপত্র এবং ১৮/৬/২০১২, ১৬/১০/২০১২ ও ০৩/০১/২০১৩ তারিখে আধা-সরকারি পত্র জারী করা হয়। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের যে সকল আর্থিক অনিয়ম এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা উল্লিখিত সময়ের সমস্ত কার্যক্রমের আংশিক প্রতিফলন মাত্র। অর্থাৎ এ রিপোর্টের আপত্তি ও মন্তব্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টের অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা এবং সরকারি বিধি-বিধান পরিপালন না করায় অনিয়মগুলি সংঘটিত হয়েছে যার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো। অডিট আপত্তিতে জড়িত অর্থ আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রয়োজন। এছাড়া প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এধরণের অনিয়মের পুনরাবৃত্তি রোধ করাও সম্ভব।

স্বাক্ষরিত

(ওয়াজির আহ্‌মেদ ফাতেহ)
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

তারিখ ঃ ০৬-১২-১৪২০ বঙ্গাব্দ
২০-০৩-২০১৪ খ্রিস্টাব্দ

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | আয়কর রিটার্ণে প্রদর্শিত ব্যয়ের উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৭৫,৯৫,৭৩,৯৩৪/- |
| ২. | সঠিকভাবে মোট আয় নিরূপন না করায় আয়কর ও সরল সুদ বাবদ রাজস্ব ক্ষতি। | ৪৬,৯৫,১৩৭/- |
| ৩. | প্রকৃত আয় অপেক্ষা আয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১৪,৫৪,৬৩৯/- |
| ৪. | প্রকৃত বিক্রয় অপেক্ষা বিক্রয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ২৪,৬৮,১৭৮/- |
| ৫. | বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে আদায়যোগ্য আয়কর ও সরল সুদ বাবদ কম আদায় করায় রাজস্ব ক্ষতি। | ১,৬৭,১৭,০৬১/- |
| ৬. | অব্যাখ্যায়িত বিনিয়োগ আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ রাজস্ব ক্ষতি। | ৮,৭৩,৬৪,১৪৬/- |
| ৭. | প্রকৃত রপ্তানি ও রপ্তানির বিপরীতে গৃহীত ড্র ব্যাকসহ আয়কর প্রদান না করায় রাজস্ব ক্ষতি। | ১৯,৭৬,৭৭,৭২২/- |
| | সর্বমোট = | ১০৬,৯৯,৫০,৮১৭/- |

# অডিট বিষয়ক তথ্য

**নিরীক্ষা অর্থ বৎসর** ঃ ২০১০-১১।

**নিরীক্ষিত প্রতিষ্ঠান** ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন বিভিন্ন আয়কর সার্কেল সমূহ।

**নিরীক্ষার প্রকৃতি** ঃ আর্থিক ও নিয়মানুসরণ অডিট।

**নিরীক্ষার সময়** ঃ জুলাই/২০১০ হতে জুন/২০১১

**নিরীক্ষা কার্য সম্পাদন সংক্রান্ত তথ্যাবলী ঃ**

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | নিরীক্ষার সময়কাল | এপি জারীর তারিখ | তাগিদ পত্র জারীর তারিখ | ডিও জারীর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | উপকর কমিশনার, উপকর কমিশনার, কোং সার্কেল-১৩, কর অঞ্চল-৫, ঢাকা | ২০১০-১১ | ২/১১/১১ হতে ১৪/১১/১১ | ৫/৪/১২ | ৭/৮/১২ | ১৬/১০/১২ |
| ২ | উপকর কমিশনার, কোং সার্কেল-১৮, কর অঞ্চল-৬, ঢাকা | ২০১০-১১ | ২৭/১১/১১ হতে ৩০/৬/১১ | ৯/৪/১২ | ৭/৮/১২ | ১৬/১০/১২ |
| ৩ | উপকর কমিশনার, কোং সার্কেল-৪৯, কর অঞ্চল-৫, ঢাকা | ২০১০-১১ | ৩০/১০/১১ হতে ১০/১১/১১ | ৫/৪/১১ | ৭/৮/১২ | ১৬/১০/১২ |
| ৪ | উপকর কমিশনার, কোং সার্কেল-৯, কর অঞ্চল-৩, ঢাকা | ২০১০-১১ | ২৩/৬/১১ হতে ৬/৯/১১ | ২৯/১১/১১ | ১২/২/১২ | ১৮/৬/১২ |
| ৫ | উপকর কমিশনার, কোং সার্কেল-৩, কর অঞ্চল-১, ঢাকা | ২০০৭-১১ | ১/৮/১১ হতে ১০/৮/১১ | ১৬/১০/১১ | ১৭/১২/১১ | ১৮/৬/১২ |
| ৬ | কর কমিশনার, কর অঞ্চল-৮, ঢাকা | ২০১০-১১ | ১১/৮/১১ হতে ২৩/৮/১১ | ১৬/১০/১১ | ৭/১২/১১ | ১৮/৬/১২ |
| ৭ | উপকর কমিশনার, কর সার্কেল-১৬৩ (সাবেক-৮৮), কর অঞ্চল-৮, ঢাকা | ২০১০-১১ | ৬/২/১২ হতে ১৩/২/১২ | ৩০/৭/১২ | ১৮/১০/১২ | ৩/১/১৩ |
| ৮ | উপকর কমিশনার, কোং সার্কেল-২০, কর অঞ্চল (প্রাক্তন)-৭, ঢাকা | ২০১০-১১ | ৬/২/১২ হতে ১৫/২/১২ | ১৪/৬/১২ | ১৬/১০/১২ | ৩/১/১৩ |
| ৯ | উপকর কমিশনার, সার্কেল-১, কর অঞ্চল-১, ঢাকা | ২০১০-১১ | ১৯/১০/১১ হতে ২৭/১০/১১ | ৫/৪/১২ | ১৬/১০/১২ | ২৭৫ ৩/১/১৩ |
| ১০ | উপকর কমিশনার, কোং সার্কেল-৭, কর অঞ্চল-৩, ঢাকা | ২০১০-১১ | ২৭/৯/২০১১ হতে ৪/১০/২০১১ | ১৪/৬/১২ | ১৮/১০/১২ | ৩/১/১৩ |
| ১১ | উপকর কমিশনার, সার্কেল-৬, কর অঞ্চল-২, ঢাকা | ২০১০-১১ | ২৬/১০/১১ | ১০/১০/১২ | ১৬/১০/১২ | ৩/১/১৩ |
| ১২ | উপকর কমিশনার, কোং সাঃ-৫, কর অঞ্চল-২, ঢাকা | ২০১০-১১ | ১০/১০/১১ হতে ১৭/১০/১১ | ২/১০/১২ | ১৬/১০/১২ | ৩/১/১৩ |
| ১৩ | উপকর কমিশনার, কোং সাঃ-৮, কর অঞ্চল-২, চট্টগ্রাম | ২০০৯-১১ | ১৪/১২/১১ হতে ২১/১২/১১ | ১০/১০/১২ | ১৮/১০/১২ | ৩/১/১৩ |
| ১৪ | উপকর কমিশনার, কোঃ সাঃ- ৫৫, (বর্তমান-৯৯) কর অঞ্চল-৫, ঢাকা | ২০১০-১১ | ৬/২/১২ হতে ১২/২/১২ | ১/১০/১২ | ১৮/১/১২ | ৩/১/১৩ |
| ১৫ | উপকর কমিশনার, কোঃ সাঃ-১, খুলনা | ২০০৯-১১ | ১৬/৬/১২ হতে ২৩/২/১২ | ১৪/৬/১২ | ১৮/১/১২ | ৩/১/১৩ |
| ১৬ | উপকর কমিশনার, কোঃ সাঃ- ১৩৪, (সাবেক-২১) কর অঞ্চল-৭, ঢাকা | ২০১০-১১ | ১২/২/১২ হতে ২০/২/১২ | ২৬/৬/১২ | ১৮/১০/১২ | ৩/১/১৩ |

**নিরীক্ষা পদ্ধতি ঃ**

- রাজস্ব আদায়ের এসেসমেন্ট সংক্রান্ত রেকর্ডপত্র সরেজমিনে যাচাই।
- রাজস্ব আদায় সংক্রান্ত অন্যান্য রেকর্ডপত্র সরেজমিনে যাচাই।
- কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলোচনা।

অডিট সম্পাদন ঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের বিভিন্ন অডিট টীমের সদস্যগণ।

অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধানে যারা ছিলেন ঃ

- জনাব গৌরাঙ্গ চন্দ্র দেবনাথ, উপ- পরিচালক।
- জনাব উত্তম কুমার দে, অডিট এন্ড একাউন্টস্ অফিসার।
- জনাব মোঃ দেলোয়ার হোসেন, অডিট এন্ড একাউন্টস্ অফিসার।
- জনাব মোঃ মোস্তফা কামাল, অডিটর।

তত্ত্বাবধান ঃ জনাব মোঃ কমলেশ চন্দ্র রায়, পরিচালক।

সার্বিক তত্ত্বাবধান ঃ মহাপরিচালক।

**ম্যানেজমেন্ট ইস্যু ঃ** আলোচ্য প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে শৈথিল্য পরিলক্ষিত হয়েছে ঃ

- বিধি মোতাবেক আয়কর নিরূপন করা হয়নি।
- সরকারের প্রাপ্তি কোষাগারে জমা করা হয়নি।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি।
- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ

- ক্ষেত্র বিশেষে আয়কর অধ্যাদেশ ১৯৮৪, আয়কর বিধিমালা ১৯৮৪, মূল্য সংযোজন কর আইন ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধিবিধান পরিপালন না করা।
- সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা।

## অডিটের সুপারিশ ঃ

- সরকারের আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- সরকারি প্রাপ্তি কোষাগারে জমা নিশ্চিত করা আবশ্যক।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

# দ্বিতীয় অধ্যায়

(অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ নং- ১

শিরোনাম ঃ **আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয়ের উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৭৫,৯৫,৭৩,৯৩৪/-টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৪টি আয়কর সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর রিটার্নে প্রদর্শিত ব্যয়ের উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও তা কর্তন না করেই ব্যয় হিসেবে অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় আয়কর বাবদ ৭৫,৯৫,৭৩,৯৩৪/-টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "ক" এ প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ জাতীয় রাজস্ব বোর্ডের (১) এস আর ও নং-১৬৯-আইন/২০০৪/৪১৫-মূসক, তারিখ : ১০/৬/০৪ খ্রিঃ ; (২) এস আর ও নং-১৯৩-আইন/২০০৮/৪৯৫-মূসক, তারিখ : ২৯/৬/০৮ খ্রিঃ এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৩০(এএ), ৫০, ৫২ ও ৫৩ অনুযায়ী দাবীকৃত বিভিন্ন খরচের বিপরীতে উৎসে ভ্যাট ও আয়কর কর্তনযোগ্য। কিন্তু পরিশিষ্টে বর্ণিত প্রতিষ্ঠানসমূহ উপর্যুক্ত বিধি-বিধান অনুযায়ী উৎসে ভ্যাট ও আয়কর কর্তন না করা সত্ত্বেও খরচ অনুমোদন করে মোট আয় নির্ধারণ করায় ৭৫,৯৫,৭৩,৯৩৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নথি পর্যালোচনা করে পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৪/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৮/০১/২০১১ হতে ১০/১০/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২, ১৮/১০/২০১২ ও ০৩/০১/২০১৩ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষা সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৭৫,৯৫,৭৩,৯৩৪/- (টাকা পঁচাত্তর কোটি পঁচানব্বই লক্ষ তেয়াত্তর হাজার নয় শত চৌত্রিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ২

শিরোনাম ঃ সঠিকভাবে মোট আয় নিরূপন না করায় আয়কর ও সরল সুদ বাবদ ৪৬,৯৫,১৩৭/- টাকা রাজস্ব ক্ষতি।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন ৪টি আয়কর সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, সঠিকভাবে মোট আয় নিরূপন না করায় আয়কর ও সরল সুদ বাবদ ৪৬,৯৫,১৩৭/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "খ" এ প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৯, ৩০(এইচ) এবং ৬৫সি লংঘনপূর্বক সঠিকভাবে মোট আয় নিরূপন না করায় আয়কর ও সরল সুদ বাবদ রাজস্ব ক্ষতি হয়েছে।

বিভিন্ন করদাতা প্রতিষ্ঠানের আয়কর নির্ধারণ সংক্রান্ত নথি পর্যালোচনায় নিম্নলিখিত অনিয়মসমূহ পরিলক্ষিত হয়-

- বাণিজ্যিক কার্যক্রম বহির্ভুত অননুমোদনযোগ্য ব্যয়, অব্যাখ্যায়িত আয়/ব্যয়, কম প্রদর্শিত আয়কে মোট আয়ের সাথে যোগ না করে অনিয়মিতভাবে আয়কর কম নির্ধারণ করা হয়েছে।
- কমিশন বাবদ প্রাপ্ত আয় কম প্রদর্শনপূর্বক আয়কর নির্ধারণ করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।
- গৃহ সম্পত্তির আয় কম প্রদর্শনপূর্বক অনিয়মিতভাবে কম আয়কর নির্ধারণ করা হয়েছে।
- প্রাপ্যতার অতিরিক্ত নমুনা ব্যয় অনুমোদনের মাধ্যমে আয়কর নিরূপন করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।
- অননুমোদিত কালেকশন চার্জেস্ ব্যবসা খাতের আয় হতে বিয়োজনের মাধ্যমে কম আয়কর নিরূপন করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নথি যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৪/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৮/০১/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২, ১৮/১০/২০১২ ও ০৩/০১/২০১৩ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্বেও এতদ্বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষা সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৪৬,৯৫,১৩৭/- (টাকা ছয়চল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার এক শত সাইত্রিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ৩

শিরোনাম ঃ প্রকৃত আয় অপেক্ষা আয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় ১৪,৫৪,৬৩৯/- টাকা রাজস্ব ক্ষতি।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন ৩ টি আয়কর সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অননুমোদনযোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ না করায় প্রকৃত আয় অপেক্ষা আয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় ১৪,৫৪,৬৩৯/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট **"গ"** এ প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৬৫ এর বিধান লংঘনপূর্বক প্রকৃত আয় অপেক্ষা আয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় রাজস্ব ক্ষতি হয়েছে।

বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান/ব্যক্তির আয়কর নিরূপন সংক্রান্ত নথি পর্যালোচনায় নিম্নলিখিত অনিয়মসমূহ পরিলক্ষিত হয়-

- লাভ ক্ষতি হিসাবে অননুমোদনযোগ্য ব্যয়কে অন্তর্ভুক্ত করে আয় নিরূপনপূর্বক অনিয়মিতভাবে আয়কর নির্ধারণ করা হয়েছে।
- সমাপনী মজুদ হিসাবে প্রদর্শিত অর্থ ক্রয়/বিক্রয় হিসাবে অন্তর্ভুক্ত না করায় নীট লাভ কম প্রদর্শনের মাধ্যমে কম আয়কর নির্ধারণ করা হয়েছে।
- প্রাপ্যতার অতিরিক্ত অবচয় নির্ধারণের মাধ্যমে নীট লাভ কম প্রদর্শন করার ফলে সঠিকভাবে আয়কর নিরূপন করা হয়নি।
- বায়িং কমিশন বাবদ প্রাপ্ত অর্থ ব্যবসা খাতে কম প্রদর্শনের মাধ্যমে আয়কর নির্ধারণ করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নথি যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৪/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৮/০১/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২, ১৮/১০/২০১২ ও ০৩/০১/২০১৩ তারিখ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষা সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১৪,৫৪,৬৩৯/- (টাকা চৌদ্দ লক্ষ চুয়ান্ন হাজার ছয় শত উনচল্লিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ৪

শিরোনাম ঃ প্রকৃত বিক্রয় অপেক্ষা বিক্রয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় ২৪,৬৮,১৭৮/- টাকা রাজস্ব ক্ষতি।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২টি আয়কর সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকৃত বিক্রয় অপেক্ষা বিক্রয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় ২৪,৬৮,১৭৮/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "ঘ" এ প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৯ এর বিধান লংঘনপূর্বক প্রকৃত বিক্রয় অপেক্ষা বিক্রয় কম প্রদর্শন করে আয়কর প্রদান করায় রাজস্ব ক্ষতি হয়েছে।

বিভিন্ন করদাতা প্রতিষ্ঠানের আয়কর নির্ধারণ সংক্রান্ত নথি পর্যালোচনায় নিম্নলিখিত অনিয়মসমূহ পরিলক্ষিত হয়-

- উৎসে আয়কর কর্তনের বিপরীতে প্রাপ্ত আয় কম প্রদর্শনের মাধ্যমে আয়কর নির্ধারণ করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।
- বিক্রয় কম প্রদর্শনের মাধ্যমে প্রাপ্ত আয় কম নিরূপনপূর্বক আয়কর নির্ধারণ করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নথি যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য।

- সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৪/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৮/০১/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২, ১৮/১০/২০১২ ও ০৩/০১/২০১৩ তারিখ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষা সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ২৪,৬৮,১৭৮/- (টাকা চব্বিশ লক্ষ আটষট্টি হাজার এক শত আটাত্তর মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ৫

শিরোনাম ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে আদায়যোগ্য আয়কর ও সরল সুদ বাবদ কম আদায় করায় ১,৬৭,১৭,০৬১/- টাকা রাজস্ব ক্ষতি ।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৩টি আয়কর সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে আদায়যোগ্য আয়কর ও সরল সুদ বাবদ কম আদায় করায় ১,৬৭,১৭,০৬১/-টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "ঙ" এ প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১৯ এর বিধান লংঘনপূর্বক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে আয়কর ও সরল সুদ বাবদ কম আদায় করায় রাজস্ব ক্ষতি হয়েছে।

বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান/ব্যক্তি আয়কর নির্ধারণ সংক্রান্ত নথি পর্যালোচনায় নিম্নলিখিত অনিয়মসমূহ পরিলক্ষিত হয়-

- আয়ের অতিরিক্ত অব্যাখ্যায়িত সম্পদ বৃদ্ধির মাধ্যমে আয়কর নির্ধারণ করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।
- গৃহীত ঋনের অর্থ নির্ধারিত সময়ে ফেরৎ প্রদান না করা সত্ত্বেও উক্ত অর্থকে আয় হিসেবে অন্তর্ভুক্ত না করে আয়কর কম নিরূপন করা হয়েছে।
- ব্যাংক বিবরণী ও জমাকৃত উৎসের মধ্যে পার্থক্যকৃত অর্থের অব্যাখ্যায়িত আয়কে অন্যান্য উৎসের আয় হিসেবে পরিগনিত না করে অনিয়মিতভাবে আয়কর নির্ধারণ করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ করদাতা কোম্পানীর মূল্য সংযোজন কর খরচ হিসাবে দাবী করার বিধান নেই। যেহেতু করদাতা ৮২(বিবি) ধারায় রিটার্ণ দাখিল করেছেন সেহেতু আপত্তির প্রেক্ষিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য।

- সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৪/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৮/০১/২০১১ তারিখ হতে ১০/১০/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২, ১৮/১০/২০১২ ও ০৩/০১/২০১৩ তারিখ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষা সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১,৬৭,১৭,০৬১/- (টাকা এক কোটি সাতষট্টি লক্ষ সতের হাজার একষট্টি মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ৬

| | |
|---|---|
| শিরোনাম ঃ | অব্যাখায়িত বিনিয়োগ আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ সরকারের ৮,৭৩,৬৪,১৪৬/- টাকা রাজস্ব ক্ষতি। |
| বিবরণ ঃ | উপ-কর কমিশনার, কোম্পানী সার্কেল-৭, কর অঞ্চল-৩, ঢাকা কার্যালয়ের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় সার্কেলে দাখিলকৃত বিভিন্ন প্রতিষ্ঠানের আয়কর নথি এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা দেখা যায় যে, আয়কর রিটার্ণের সাথে দাখিলকৃত সার্টিফাইড একাউন্টস এর Balance Sheet এ Other Current Assets খাতে Other Advance হিসেবে বিনিয়োগ প্রদর্শন করে Current Assets বৃদ্ধি করা হয়েছে যার কোন ব্যাখ্যা প্রদান করা হয়নি। অর্থাৎ অব্যাখায়িত বিনিয়োগ আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ সরকারের ৮,৭৩,৬৪,১৪৬/- টাকা রাজস্ব ক্ষতি।<br>▪ বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট “চ” এ প্রদত্ত হলো। |
| অনিয়মের প্রকৃতি ঃ | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯ (৪) ধারার বিধানবলে অব্যাখ্যায়িত সম্পদ বৃদ্ধি বা বিনিয়োগ অন্যান্য আয় হিসেবে গণ্য এবং আয়কর নির্ধারণে মোট আয়ের সাথে যোগ করারযোগ্য। কিন্তু উক্ত অব্যাখ্যায়িত সম্পদ বৃদ্ধি বা বিনিয়োগ মোট আয়ের সাথে যোগ না করে আয়কর নির্ধারণ করায় আয়কর বাবদ উল্লিখিত ক্ষতি হয়েছে। |

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ জবাব পাওয়া যায়নি।

| | |
|---|---|
| নিরীক্ষা মন্তব্য ঃ | আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য।<br>▪ সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৪/০৬/২০১২ তারিখ অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৮/১০/২০১২ তারিখ তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০৩/১/২০১৩ তারিখ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি। |
| নিরীক্ষা সুপারিশ ঃ | উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৮,৭৩,৬৪,১৪৬/- (টাকা আট কোটি তেয়াত্তর লক্ষ চৌষট্টি হাজার এক শত ছিচল্লিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। |

অনুচ্ছেদ নং- ৭

শিরোনাম ঃ প্রকৃত রপ্তানি ও রপ্তানির বিপরীতে গৃহীত ড্র-ব্যাকসহ আয়কর প্রদান না করার কারণে ১৯,৭৬,৭৭,৭২২/- টাকা রাজস্ব ক্ষতি।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৬টি আয়কর সার্কেল এর ২০০৬-১০ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট সার্কেলের করদাতা প্রতিষ্ঠানের দাখিলকৃত নিরীক্ষিত হিসাব বিবরণী, কর নির্ধারণ আদেশ, কর পরিগণনা ফরম এবং অন্যান্য আনুষাংঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকৃত রপ্তানি ও রপ্তানির বিপরীতে গৃহীত ড্র ব্যাকসহ আয়কর প্রদান না করার কারণে ১৯,৭৬,৭৭,৭২২/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "ছ" এ প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৮(১)(সি) মোতাবেক এবং জাতীয় রাজস্ব বোর্ডের ০৯/০৬/২০০৭ খ্রিঃ তারিখের ৩(২) কর ৭/আঃ আঃ বিঃ/৯৭/১৯৭ নং পত্রের স্পষ্টীকরণ অনুযায়ী প্রকৃত রপ্তানির বিপরীতে গৃহীত ডিউটি ড্র ব্যাক করযোগ্য আয় হিসাবে গণ্য এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২৮ (১) ধারা মোতাবেক ১০% হারে বছরভিত্তিক জরিমানা আদায়যোগ্য। কিন্তু আপত্তিকৃত প্রতিষ্ঠানসমূহ শুল্ক, রেয়াত ও প্রত্যপর্ণ পরিদপ্তর এবং বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক থেকে রপ্তানির বিপরীতে ডিউটি ড্র-ব্যাক গ্রহণ করা সত্ত্বেও গৃহীত টাকা বার্ষিক হিসাবের অন্তর্ভূক্ত না করে আয় গোপন করার কারণে করযোগ্য আয় কম নির্ধারিত হয়েছে এবং আয়করও কম ধার্য বা প্রদান করা হয়েছে। ফলে আয় গোপন করায় আয়কর ফাঁকির কারণে উল্লিখিত রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য।

- সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৬/০৩/২০১১ তারিখ অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ২৪/০৪/২০১১ তারিখ তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০৩/১০/২০১১ তারিখ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষা সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১৯,৭৬,৭৭,৭২২/- (টাকা উনিশ কোটি ছিয়াত্তর লক্ষ সাতাত্তর হাজার সাত শত বাইশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(ওয়াজির আহ্‌মেদ ফাতেহ)
মহাপরিচালক
ফোন ঃ ৮৩১৬১৩০।

বাঃসঃমুঃ-২০১৩/২০১৪-৫৪৬৯কম/এ, ৭৫০ বই, ২০১৪।